# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা, ফোনঃ ০২-২২৩৩৮৪১৫৯, ই-মেইল: bnmc.examination@gmail.com ওয়েবসাইট: www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৪৮(অংশ-১)/২০২২-৭৯২ তারিখঃ ১৪ আগস্ট ২০২২ খ্রিঃ

## কম্প্রিহেন্সিভ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির ০২ জানুয়ারি ২০২২ খ্রিঃ এবং পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির ১৪ আগস্ট ২০২২ খ্রিঃ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক কাউন্সিলের অধীনে নার্সিং ও মিডওয়াইফারি কোর্স সম্পন্নকারী (নিয়মিত/অনিয়মিত) শিক্ষার্থীদের কম্প্রিহেন্সিভ (লাইসেন্সিং/প্রি-রেজিস্ট্রেশন) পরীক্ষা সম্ভাব্য ৩০ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের নিম্নোক্ত প্রক্রিয়ায় অনলাইনে আবেদন ফরম পূরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

### নার্সিং ও মিডওয়াইফারি কোর্স সম্পন্নকারীদের আবেদন প্রক্রিয়াঃ

(১) বিএসসি ইন নার্সিং ইন্টার্নশীপ সম্পন্নকারি, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি (২০১৭-১৮ ও তার পূর্বের ব্যাচসমূহ) এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি (২০১৮-১৯ ও তার পূর্বের ব্যাচসমূহ) কোর্সের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কাউন্সিলের সফটওয়্যারে সংরক্ষিত স্টুডেন্ট-রেজিস্ট্রেশন ডাটাবেজে (প্রতিষ্ঠানের গোপন ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে) প্রবেশ করে Exam Management হতে Comprehensive Exam এর পর Apply Comprehensive Exam এ প্রবেশ করে পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ করার সময় পরীক্ষার্থীদের ড্রেস পরিহিত নতুন ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে;

(২) নার্সিং কলেজ/ইনস্টিটিউট কর্তৃপক্ষ সকল শিক্ষার্থীর পরীক্ষার ফি জন প্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা একত্রে কাউন্সিলের ওয়েবসাইট থেকে পূরণকৃত নির্দিষ্ট জমা রশিদ/পে-স্লিপ মাধ্যমে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় টাকা জমা দিয়ে মূলকপি, ফরওয়ার্ডিং লেটার, পূর্বের পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রবেশপত্রের কপি ও পরীক্ষার্থী তালিকা ডাকযোগে/ কুরিয়ারে নির্দিষ্ট সময়ের মধ্যে কাউন্সিলে পৌছানো নিশ্চিত করতে হবে।

### পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারীদের আবেদন প্রক্রিয়াঃ

(১) পরীক্ষার ফি জমার অনলাইন রশিদঃ কাউন্সিলের ওয়েবসাইটের অভ্যন্তরীন ই-সেবা অংশে 'অনলাইনে ফি জমা রশিদ' ক্লিক করে Client Type: Others সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য লিখে Comprehensive Examination Fee বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা সিলেক্ট করে সাবমিট করলে রশিদ পাওয়া যাবে। রশিদটি প্রিন্ট করে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় জমা দিলে একাংশ রেখে অবশিষ্ট দুই অংশ ফেরত দিবে। জমাকৃত রশিদের নিজ অংশ রেখে বিএনএমসি অংশ ফরমের সাথে কাউন্সিলে দাখিল করতে হবে।

(২) আবেদনের অনলাইন ফরমঃ পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারীদেরকে কাউন্সিলের ওয়েবসাইটের অভ্যন্তরীন ই-সেবা অংশে PCT পরীক্ষার ফি অপশনে ক্লিক করে অনলাইন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিখে যথাযথ নিয়মে আবেদন সম্পন্ন করে দু'টি প্রিন্ট কপি নিয়ে একটি নিজের কাছে রেখে অপরটি কাউন্সিলে পাঠাতে হবে।

২.১ গত ২৬ নভেম্বর ২০২১ ও ১১ মার্চ ২০২২ খ্রিঃ অনুষ্ঠিত পরীক্ষায় অকৃতকার্যদের ফরম পূরণের নিয়মঃ Apply new exam use old data অপশন সিলেক্ট করে Exam: November-2021/March-2022, BNMC Roll: পূর্বের এডমিট কার্ডের প্রদত্ত বিএনএমসি রোল, কারিগরি বোর্ডের রোল ও রেজিস্ট্রেশন নং দিয়ে তথ্য সার্চ করে উক্ত তথ্য, সেপ্টেম্বর-২০২২ পরীক্ষার ফি জমার রশিদ নং ও জমার তারিখ এবং প্রার্থীর ছবি ও স্বাক্ষর নতুনভাবে দিয়ে সাবমিট করলে সেপ্টেম্বর-২০২২ পরীক্ষার ফরম পূরণ হবে। পূরণকৃত ফরম প্রিন্ট করে এককপি নির্দিষ্ট তারিখের মধ্যে কাউন্সিলে পৌছানো নিশ্চিত করতে হবে (একাধিক কপি পাঠানোর প্রয়োজন নেই)।

২.২ নতুন পরীক্ষার্থীদের ফরম পূরণের নিয়মঃ Apply as new examinee অপশন সিলেক্ট করে submit বাঁটনে ক্লিক করে অনলাইন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিখে সেপ্টেম্বর-২০২২ পরীক্ষার ফি জমার রশিদ নং ও জমার তারিখ এবং প্রার্থীর ছবি ও স্বাক্ষর নতুনভাবে সাবমিট করলে ফরম প্রিন্ট হবে।

২.৩ নির্ধারিত তারিখের মধ্যে ফরমে তথ্য হালনাগাদ অথবা ফরম পুনরায় প্রিন্ট করতে চাইলে Update/Print existing form সিলেক্ট করে Exam: November-2021/March-2022, কারিগরি বোর্ডের রোল ও রেজিস্ট্রেশন নং দিয়ে তথ্য সার্চ করে উক্ত ফরম হালনাগাদ ও প্রিন্ট করার অপশন থাকবে।

২.৪ সেপ্টেম্বর-২০২২ পরীক্ষার ফি জমার নতুন রশিদ (মূলকপি) এবং আবেদন ফরমের প্রিন্ট (হার্ডকপি) সাথে এসএসসি ও পেশেন্ট কেয়ার টেকনোলজির স্টুডেন্ট রেজিস্ট্রেশন এবং সনদপত্র, টেস্টিমোনিয়াল (প্রশংসাপত্র), জাতীয় পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে অনলাইন জন্ম নিবন্ধন), স্থায়ী ঠিকানা সম্বলিত নাগরিকত্ব সনদ ইত্যাদি যে কোন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি, পূর্বের পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রবেশপত্রের কপি এবং ফি জমা-স্লিপ সংযুক্ত করে ডাকযোগে/কুরিয়ারে নির্দিষ্ট সময়ের মধ্যে কাউন্সিলে পৌছানো নিশ্চিত করতে হবে।

### সংশ্লিষ্ট সকলের/উভয়ের জন্য দ্রষ্টব্যঃ

- অনলাইনে ১৪-০৮-২২ হতে ২৪-০৮-২০২২ তারিখে মূল ফি ২,০০০/- (দুই হাজার) সহ আবেদন এবং বিলম্ব ফি জন প্রতি ২০০/-(দুইশত) অতিরিক্তসহ (২,২০০/- বা দুই হাজার দুইশত) ২৫-০৮-২০২২ হতে ৩০-০৮-২০২২ খ্রিঃ পর্যন্ত আবেদন করা যাবে। আবেদনের সাথে চাহিদা মোতাবেক কাগজপত্রসহ হার্ডকপি ৩১/০৮/২০২২ খ্রিঃ বুধবার বেলা ৩.০০ ঘটিকার মধ্যে কাউন্সিলে জমা/পৌছানো নিশ্চিত করতে হবে। অসম্পূর্ণ/বিলম্বে পৌছানো আবেদন বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষার আবেদন প্রাপ্তির পর পরীক্ষার তারিখ, সময়-সূচি, কেন্দ্র তালিকা, প্রবেশপত্র ইস্যু সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

14.08.2022

(রাশিদা আক্তার)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রেসিডেন্ট, বিএনএমসি এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (দৃঃ আঃ উপসচিব, নার্সিং শিক্ষা, স্বাশিপকবি)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৪. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিশিজ), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৫. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
৬. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠান, . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
৭. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
৮. পরীক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি, বিএনএমসি (পরীক্ষার যাবতীয় প্রস্তুতি গ্রহণের জন্য)।
৯. পরীক্ষার জন্য প্রকৃত আবেদন প্রার্থী, পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স (নিজ দায়িত্বে অনলাইনে আবেদনের জন্য), . . . . . . . . . . . . . . .
১০. হিসাব শাখা, বিএনএমসি।
১১. জনাব/ বেগম . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .